



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০০

### শিল্পমন্ত্রী দুই দিনের সফরে রাজশাহী, নাটোর ও সিরাজগঞ্জ আসছেন

রাজশাহী: ০৮ অগ্রহায়ণ (২৪ নভেম্বর):

শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি আগামীকাল শুক্রবার (২৫ নভেম্বর) দুই দিনের সরকারি সফরে রাজশাহী, নাটোর ও সিরাজগঞ্জ আসবেন। তিনি সকাল আটটায় সড়কপথে সিরাজগঞ্জ এসে পৌঁছবেন।

এ সময় মন্ত্রী সিরাজগঞ্জ বিসিক শিল্পপার্ক প্রকল্প পরিদর্শন করে সকাল নয়টায় নাটোর নর্থ বেঙ্গল সুগারমিলের উদ্দেশ্যে রওনা হবেন। তিনি দুপুর বারটায় নাটোর নর্থ বেঙ্গল সুগার মিলে উপস্থিত থাকবেন এবং দুপুর আড়াইটায় আখ মাড়াই উদ্বোধন ও মতবিনিময় সভায় বক্তৃতা করবেন। বিকাল চারটায় নাটোর সুগারমিল পরিদর্শন শেষে রাজশাহী আসবেন। তিনি সন্ধ্যা ছয়টায় রাজশাহী সুগারমিল পরিদর্শন ও আখচাষীদের সাথে মতবিনিময় করবেন।

পরদিন শনিবার শিল্পমন্ত্রী সকাল দশটায় রাজশাহী সার্কিট হাউসে স্থানীয় ব্যবসায়ী ও রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করবেন। তিনি দুপুর দুইটায় রাজশাহী বিসিক শিল্প নগরী পরিদর্শন করবেন।

শিল্পমন্ত্রী এদিন বিকাল সাড়ে পাঁচটায় সড়কপথে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।

.....  
তৌহিদ/রুহুল/হালিম/২০২২/১২.০০ঘ.